

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
আইসিটি বিভাগ

সভাপতিঃ ড. মোঃ জুলফিকার আলী

সভার তারিখঃ ৩০/০৩/২০২২ইং;

সভার সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা

স্থানঃ ইনোভেশন অফিসারের অফিস কক্ষ

উপস্থিতিঃ পতাকা "ক"

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সভাপতি ও ইনস্টিটিউটের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা মহোদয় (পরিকল্পনা ও মূল্যায়ন) ও ফোকাল পয়েন্ট, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর ইনস্টিটিউটের ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক্রম	আলোচ্য সূচী	করণীয়	বাস্তবায়নকারী
০১।	উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন বিষয়ে সভাপতি মহোদয় মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন অফিসারের অনুশাসন প্রতিপালন করার মত প্রকাশ করেন। মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন অফিসার জনাব তৌফিকুল আরিফ বিভাগ ও দপ্তর /সংস্থার অংশগ্রহণে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় বলেন "বিএফআরআই একটি গবেষণা প্রতিষ্ঠান। বিএফআরআই এর প্রতিটি গবেষণায় উদ্ভাবনকে ইনোভেশন হিসাবে গণ্য হবে।" চীফ ইনোভেশন অফিসারের উক্ত নির্দেশনার আলোকে ২০২১-২২ অর্থবছরের জন্য বিএফআরআই উদ্ভাবিত সুবর্ণ বুইকে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন হিসাবে অর্ন্তভুক্ত করার জন্য ইনোভেশন টিম সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করে। বিষয়টি ইনস্টিটিউটের মহাপরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে দ্রুত জিও করার ও সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
০২।	সেবা সহজিকরণ	সভায় "বিএফআরআই উদ্ভাবিত প্রযুক্তি সহায়তা" সেবাটির ফেক্ট সীট মুদ্রণ করার জন্য প্রেসে প্রেরণ করা হয়েছে মর্মে সদস্য সচিব জানান। ইনোভেশন টিম সদস্য সচিবকে ধন্যবাদ জ্ঞাপন করেন।	ইনোভেশন টিম
০৩।	ই নথি ব্যবহার বৃদ্ধি	ইনস্টিটিউটের সদর দপ্তরে ই-নথির ব্যবহার বৃদ্ধি পেয়ে ৫১% এ উন্নীত হয়েছে। উক্ত হার ৮০% এর অধিক করার জন্য সদর দপ্তরসহ সকল কেন্দ্রে পুনরায় তাগিদপত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
০৪।	কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	ইনস্টিটিউটের ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নে ৪টি প্রশিক্ষণ অর্ন্তভুক্ত আছে। ইতিমধ্যে ২টি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। বাকী ২টি প্রশিক্ষণ দ্রুত সময়ে সম্পন্ন করার জন্য প্রশিক্ষণ শাখায় পুনরায় পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মোঃ জুলফিকার আলী)

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও মূল্যায়ন)

ও

ফোকাল পয়েন্ট, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)


- ১) জনাব মোঃ আবুল বাশার, প্রকল্প পরিচালক, চাঁদপুর নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ প্রকল্প ও সদস্য, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
- ২) জনাব মোহাম্মদ শহিদ উল্যাহ, সিস্টেম এনালিস্ট ও সদস্য, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
- ৩) জনাব আশিকুর রহমান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও সদস্য সচিব, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

স্মারক নম্বর: ৩৩.০৪.০০০০.১১২.০৭.০০১.১৭/

তারিখ: ০৩রা এপ্রিল ২০২২ইং

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

- ১) বৈজ্ঞানিক কর্মকর্তা (মহাপরিচালকের স্টাফ অফিসার), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
- ২) মাষ্টার নথি/অফিস কপি



(মোঃ আশিকুর রহমান)

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা

ও

সদস্য সচিব, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা